



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১

(www.ebmeb.gov.bd/ www.bmeb.gov.bd)



স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-২০১৮/৪২২

তারিখ: ১৭ মাঘ, ১৪২৪
৩০ জানুয়ারি, ২০১৮

বিষয় : ২০১৮ সালের আলিম পরীক্ষার কেন্দ্র পরিচালনা কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে তাঁর সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালের ২ এপ্রিল আলিম পরীক্ষা অনুষ্ঠিত হবে। তাঁর জেলার/উপজেলার কেন্দ্রসমূহের পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনার জন্য তত্ত্বাবধায়ক কর্মকর্তা ও ভারপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ করতঃ নামের তালিকা আগামী ২৮/০২/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। জেলা সদরের ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক, উপজেলার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কেন্দ্রের তত্ত্বাবধায়ক কর্মকর্তা হবেন।

আলিম পরীক্ষার কেন্দ্রের আওতাধীন যে কোন মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করবেন। যৌক্তিক কোন কারণে তিনি এ দায়িত্ব পালনে অপারগ হলে কেন্দ্রের অন্তর্ভুক্ত অন্য কোন মাদ্রাসার অধ্যক্ষ ভারপ্রাপ্ত কর্মকর্তা পদে তত্ত্বাবধায়ক কর্মকর্তা কর্তৃক মনোনীত হবেন। সরকারি মাদ্রাসার ক্ষেত্রে মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ তত্ত্বাবধায়ক কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যে কোন সহকারি অধ্যাপক দায়িত্ব পালন করবেন। কেন্দ্র পরিচালনা কমিটির নীতিমালা অনুসারে কোন মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ কিংবা উপাধ্যক্ষ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব পালন করতে পারবেন না।

প্রসঙ্গত উল্লেখ্য যে, ইতিপূর্বে জেডিসি, দাখিল ও আলিম পরীক্ষা চলাকালে যে সকল কেন্দ্রের কেন্দ্র সচিব/ ভারপ্রাপ্ত কর্মকর্তাকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়ার জন্য বোর্ড থেকে পত্র দেয়া হয়েছে তাঁদেরকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার দায়িত্ব প্রদান করা যাবে না এবং পরীক্ষা চলাকালে তাঁরা কেন্দ্রে অবস্থান করতে পারবেন না।

৩০.০১.১৮

(এস. এম. মোর্শেদ বিপুল)

পরীক্ষা নিয়ন্ত্রক

জেলা প্রশাসক (সকল)।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd

৩০/১/১৮

স্মারক নং-বামাশিবো/পরী/আলিম-১৮/৪২১

তারিখ: ১৭ মাঘ, ১৪২৪
৩০ জানুয়ারি, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

- (১) সচিব মহোদয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর।
- (৩) উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- (৪) অধ্যক্ষ-----
- (৫) চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- (৬) প্রোগ্রামার আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা। (তাঁকে বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- (৭) অফিস কপি।

৩০.০১.১৮

(এস. এম. মোর্শেদ বিপুল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ৫৮৬১০২০২, ফ্যাক্স: ৫৮৬১৭৯০৮

ই-মেইল: controller@bmeb.gov.bd

৩০/১/১৮